বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

“সমস্ত সরকারী কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে তাদের সেবা করুন”।
— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# গৃহঋণ বার্তা

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
১১শ বর্ষ
১ম সংখ্যা
জানুয়ারি-মার্চ
২০২২খ্রি.

## নানা কর্মসূচীর মধ্য দিয়ে স্বাধীনতা ও জাতীয় দিবস পালন




পরিচালনা পর্ষদের চেয়ারম্যান (সামনের সারিতে বাঁ থেকে পঞ্চম) এবং ব্যবস্থাপনা পরিচালক (সামনের সারিতে ডান থেকে ৪র্থ) -এঁর নেতৃত্বে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) নানা কর্মসূচীর মধ্যদিয়ে গত ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করে। এদিন প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম-এঁর নেতৃত্বে কর্পোরেশনের বিপুলসংখ্যক কর্মকর্তা-কর্মচারী ধানমন্ডি ৩২ নম্বর ও প্রতিষ্ঠানের বঙ্গবন্ধু প্যাভিলিয়নে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এর আগে সকাল সাড়ে ৮টায় ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে প্রতিষ্ঠানটির সদর দফতর ও ঢাকা জেলাধীন অফিস সমূহের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে স্বাধীনতা সংগ্রামে নিহত সকল শহীদদের শ্রদ্ধা জানান। এদিনের অনুষ্ঠানমালার অংশ হিসেবে এতিম ও দুঃস্থ শিশুদের মাঝে উন্নতমানের খাবার বিতরণ, আলোচনা সভা এবং দোয়া মাহফিলেরও আয়োজন করে বিএইচবিএফসি। এছাড়াও ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ঐতিহাসিক নেতৃত্ব ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন’ শীর্ষক আলোচনা সভায় পর্ষদ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক ড. নাছিমা আকতার ও তপন কুমার ঘোষসহ কর্পোরেশনের উল্লেখযোগ্য সংখ্যক নির্বাহী ও সংগঠনের প্রতিনিধিবৃন্দ আলোচনা করেন। দিবসটি উপলক্ষ্যে এদিন কর্পোরেশনের বিভিন্ন অফিসভবন বর্ণালী আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

# ২৫ মার্চ গণহত্যা দিবস পালন





গত ২৫ মার্চ, বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে ঐতিহাসিক গণহত্যা দিবস পালন করে বিএইচবিএফসি। এদিনের অন্যতম কর্মসূচী হিসেবে রাজধানীর উত্তরাস্থ বিএইচবিএফসি স্টাফ কোয়ার্টার মসজিদে এক মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। ২৫ মার্চ ১৯৭১-এর কালরাতে হানাদার পাকিস্তান সামরিক বাহিনীর হাতে নিহতদের রুহের মাগফেরাত কামনায় এ দোয়া মাহফিল ও মোনাজাত অনুষ্ঠিত হয়। এর আগে অপরাহ্ন সাড়ে ৩টায় ভার্চুয়াল প্লাটফরমে এদিবসের এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ প্রধান অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় পর্ষদ পরিচালক ড. নাছিমা আকতার ও জনাব তপন কুমার ঘোষসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এবং অফিসার কল্যাণ সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ ও সিবিএ-বিএইচবিএফসি শাখা নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। এদিন রাত ৯টায় ১ মিনিটের জন্য ব্ল্যাক-আউট কর্মসূচীও পরিপালন করে বিএইচবিএফসি।

## বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উদযাপন




আলোচনা অনুষ্ঠানে পর্ষদ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, অন্যতম পরিচালক ও উপব্যবস্থাপনা পরিচালক

যথাযোগ্য মর্যাদা, উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করেছে বিএইচবিএফসি। ১৭ মার্চ পূর্বাহ্নে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ,এফসিএমএ এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম-এঁর নেতৃত্বে কর্পোরেশনের বিপুল সংখ্যক কর্মকর্তা-কর্মচারী বিএইচবিএফসি'র সদর দফতরস্থ নিজস্ব বঙ্গবন্ধু প্যাভিলিয়নে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। পরিচালনা পর্ষদের অন্যতম পরিচালক জনাব তপন কুমার ঘোষ এসময় উপস্থিত ছিলেন।

'বঙ্গবন্ধুর জন্মদিনের অঙ্গীকার/সকল শিশুর সমান অধিকার' প্রতিপাদ্য সামনে রেখে দিনব্যাপী নানা কর্মসূচির মধ্যদিয়ে দিনটি পালন করে বিএইচবিএফসি। প্রতিষ্ঠানটির কর্মসূচীর মধ্যে আরো ছিল: জাতীয় পতাকা উত্তোলন, ধানমন্ডিতে মুক্তিযুদ্ধ জাদুঘর সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বিশেষ আলোচনা ও জাতির পিতার আত্মার শান্তি কামনায় দোয়া মাহফিল। ড. সেলিম উদ্দিন প্রধান অতিথি হিসেবে আলোচনা, দোয়া ও কেক কাটা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও, এদিন প্রতিষ্ঠানটির সদর দফতর ও গোপালগঞ্জ অফিস ভবন আলোকসজ্জিত করা হয়। সারাদেশে বিএইচবিএফসি'র মাঠ-কার্যালয়সমূহ কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি স্থানীয় প্রশাসন গৃহীত অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

## পরিচালনা পর্ষদের তিনটি সভা অনুষ্ঠিত

গত ২৪ জানুয়ারী, ২৩ ফেব্রুয়ারি ও ১৬ মার্চ বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে পর্ষদের যথাক্রমে ৫০৮, ৫০৯ ও ৫১০-তম সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। পর্ষদের অন্যতম পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম, পরিচালক ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়; ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়; জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড; বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।



পর্ষদ চেয়ারম্যান (মাঝে) এর সভাপতিত্বে পর্ষদ সভার একটি দৃশ্য

# ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন



ব্যবস্থাপনা পরিচালক (বঙ্গবন্ধুর প্রতিকৃতির ডানে ১ম)-এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ

যথাযোগ্য মর্যাদা ও নানা আনুষ্ঠানিক কর্মসূচীর মধ্যদিয়ে 'ঐতিহাসিক ৭ই মার্চ' উদযাপন করে বিএইচবিএফসি। সরকার ঘোষিত 'ক' ক্যাটাগরীর জাতীয় দিবস মর্যাদায় দিনটি পালন করা হয়। জাতীয় ফ্লাগ রুলস অনুযায়ী বিএইচবিএফসি'র সকল কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। এরপর, জাতির পিতা'র প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ কর্মসূচি পরিপালন করা হয়। দিবসের অপর এক উল্লেখযোগ্য কর্মসূচি হিসেবে 'ঐতিহাসিক ৭ই মার্চ ও বঙ্গবন্ধু' শীর্ষক এক আলোচনা সভারও আয়োজন করা হয়। সদর দফতরের আলোচনায় সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম। মাঠপর্যায়ের অফিসসমূহ স্থানীয় জেলা প্রশাসন গ্রহীত কর্মসূচিসমূহে অংশগ্রহণের পাশাপাশি প্রতিষ্ঠানের নিজস্ব কর্মসূচিও পালন করে। এছাড়াও, দিনটি পালনে কর্পোরেশনের বিভিন্ন অফিস ভবন আলোকসজ্জিত করা হয়।

# আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস পালন

শ্রদ্ধা নিবেদন



ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে নিজস্ব শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন

গত ২১ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান ভাষা শহীদ দিবস পালন করে বিএইচবিএফসি। এদিন সূর্যোদয়ের সাথে সাথে শহীদদের শ্রদ্ধার্থে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও বুকে শোকের প্রতীক কালো ব্যাজ ধারণের মধ্যদিয়ে দিবসের কর্মসূচী শুরু হয়। অতঃপর বিএইচবিএফসি সদর দফতর প্রাঙ্গণে নিজস্ব শহীদ মিনারে পুষ্পার্ঘ্য নিবেদন ও প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কেন্দ্রে দিবসটির তাৎপর্য শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়।

বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ পর্ষদের পক্ষে এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম বিএইচবিএফসি'র পক্ষে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। কর্পোরেশনের নির্বাহীবৃন্দ, ঢাকা জেলাধীন জোনাল ও শাখা অফিসের কর্মকর্তা-কর্মচারীসহ সদর দফতরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটির মাঠপর্যায়ের অফিসসমূহ স্থানীয় পর্যায়ে একইভাবে দিবসটি পালন করে। বেলা ১০টায় সদর দফতরে ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত 'আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবসের তাৎপর্য' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে বিভিন্ন সংগঠন প্রতিনিধি, নির্বাহীবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান অতিথি ও পর্ষদ চেয়ারম্যান এ বিষয়ে তথ্যপূর্ণ আলোচনা করেন।




আলোচনা অনুষ্ঠানে পর্ষদ চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা ও উপব্যবস্থাপনা পরিচালক

# অংশীজনের অংশগ্রহনে গনশুনানী অনুষ্ঠিত




ব্যবস্থাপনা পরিচালক (ডান থেকে ৩য়), যুগ্মসচিব (ডান থেকে ৪র্থ) ও উপসচিব (ডান থেকে ৫ম) ও বিএইচবিএফসি'র উর্ধ্বতন নির্বাহীবৃন্দ

গত ২৪ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার বেলা ১১টায় বিএইচবিএফসি এর শাখা অফিস, মিরপুরে অফিসটির ঋণ গ্রহীতা, সেবাপ্রার্থী ও বিভিন্ন শ্রেণী-পেশার অংশীজনের সাথে অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)'র তত্ত্বাবধান ও বিএইচবিএফসি'র আয়োজনে এক গণশুনানি অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটির সেবার মান সম্পর্কে অংশীজনের অভিজ্ঞতা ও মতামত গ্রহণ তথা প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় নিয়মিত কর্মসূচী হিসেবে এ শুনানি অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় সেবা গ্রহীতাদের অভিজ্ঞতা ও পরামর্শ গ্রহণ করতঃ সেবার মানোন্নয়নে সরকার বদ্ধপরিকর। এলক্ষ্যে সরকারের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শর্তের বাস্তবায়ন পরিস্থিতি পর্যবেক্ষণ ও মূল্যায়নার্থে এ শুনানির আয়োজন করা হয়ে থাকে। এফআইডি'র যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও উপসচিব জনাব মাকছুমা আকতার বানু এদিনের গণশুনানিতে মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম ও উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র ঋণ গ্রহীতা, সাংবাদিক ও শিক্ষা ব্যক্তিত্বসহ নানা শ্রেণী-পেশার অংশীজন প্রতিষ্ঠানটির সেবার মান ও সেবা সম্পর্কে তাঁদের অভিজ্ঞতা ও পরামর্শ তুলে ধরেন। বিএইচবিএফসি কর্তৃপক্ষ উপস্থিত অংশীজন উত্থাপিত বিভিন্ন বিষয়ে প্রতিষ্ঠানটির অবস্থান ও দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেন।

# বরিশালে গ্রাহক সমাবেশ অনুষ্ঠিত

গত ১০ মার্চ, বৃহস্পতিবার বেলা ১১টায় বিএইচবিএফসি'র জোনাল ও প্রধান শাখা অফিস, বরিশালে অফিসটির ঋণ গ্রহীতা ও সেবাপ্রার্থীদের সাথে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম এবং বিশেষ অতিথি হিসেবে কর্পোরেশনের উপমহাব্যবস্থাপক (অডিট ও পিএইচআরডি) জনাব মুহাম্মদ জহিরুল ইসলাম উপস্থিত ছিলেন। বরিশাল জোনের জোনাল ম্যানেজার জনাব এম এম জামিল আহম্মদ'র সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বরিশাল জোন-এর সকল শাখা ব্যবস্থাপকগণও অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কর্পোরেশনের উল্লেখযোগ্য সংখ্যক সেবা গ্রহীতা উপস্থিত হয়ে প্রতিষ্ঠানটির সেবার মান সম্পর্কে তাঁদের অভিজ্ঞতা ও মতামত প্রদান করেন। সম্প্রতি 'ঋণ মঞ্জুরী ও বিতরণ এবং ঋণ আদায় সেবা পক্ষ পালন করে বিএইচবিএফসি। এ পক্ষে গ্রাহক সেবায় এ জোনের কর্মতৎপরতা, সেবা প্রদানে গৃহীত পদক্ষেপ এবং লক্ষ্য অর্জন পরিস্থিতি মূল্যায়নের জন্য এ সভা অনুষ্ঠিত হয়।



সমাবেশে বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক এবং শ্রোতাবৃন্দ

বিএইচবিএফসি কর্তৃপক্ষ উপস্থিত ঋণ গ্রহীতা ও সেবা প্রার্থীদের উত্থাপিত বিভিন্ন বিষয়ে প্রতিষ্ঠানটির অবস্থান ও দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেন।

# মানবিক সহায়তা নিয়ে দুঃস্থ মানুষের পাশে বিএইচবিএফসি:
# চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকের শীতবস্ত্র বিতরণ



পর্ষদ চেয়ারম্যান কর্তৃক শীতবস্ত্র বিতরণ



ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক শীতবস্ত্র বিতরণ

সমাজের দুঃস্থ অসহায় ও ছিন্নমূল মানুষের মাঝে প্রতিবছরের ন্যায় এবছরও শীতবস্ত্র বিতরণ কর্মসূচী অব্যাহত রেখেছে বিএইচবিএফসি। এবছরের এ কর্মসূচীর আওতায় গত ২২ জানুয়ারী চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার নাজিরহাট পৌরসভার দৌলতপুর গ্রামে দুঃস্থ, অসহায় ও ছিন্নমূল মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। এসময় ড. সেলিম সামাজিক দায়বদ্ধতার স্থান থেকে সমাজের অসহায় মানুষের জন্য প্রতিষ্ঠানটির এধরনের মানবিক কার্যক্রমের তথ্য তুলে ধরেন। শীতবস্ত্র বিতরণকালে স্থানীয় পৌর মেয়র এসএম সিরাজ উদ-দৌলা, ওয়ার্ড কাউন্সিলর, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিএইচবিএফসি চট্টগ্রাম অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও, গত ২৫ জানুয়ারী বিএইচবিএফসি সদর দফতর প্রাঙ্গনে পুরানা পল্টন এলাকার কতিপয় দুঃস্থ, অসহায় ও ছিন্নমূল মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম। যথাযথ স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে এ শীতবস্ত্র বিতরণ করা হয়। দেশের শীতার্ত মানুষের মাঝে মুজিব জন্মশত বর্ষের শুভেচ্ছা উপহার হিসেবে এসব শীতবস্ত্র বিতরণকালে প্রতিষ্ঠানটির উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটির বিভিন্ন জোনাল, রিজিওনাল ও শাখা অফিসের মাধ্যমে দেশের শীতপ্রবণ এলাকাসমূহে কয়েক সহস্র মানুষের মাঝে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

# ২৬ মার্চ ঃ এতিম ও দুঃস্থ শিশুদের মাঝে খাবার বিতরণ


মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উপলক্ষ্যে বিএইচবিএফসি গৃহীত নানা কর্মসূচীর অংশ হিসেবে গত ২৩ মার্চ, বুধবার এতিম ও দুঃস্থ শিশুদের মাঝে উন্নতমানের খাবার বিতরণ করা হয়। এদিন দুপুরে নরসিংদী জেলার মনোহরদীতে অবস্থিত সরকারি শিশু পরিবার (বালক)-এ প্রতিষ্ঠানটির প্রায় একশ' শিশুর মাঝে রান্না করা খাবার বিতরণ করা হয়। বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম এসময় উপস্থিত থেকে শিশুদের মাঝে এ খাদ্য বিতরণ তদারকী করেন। খাবার বিতরণের পূর্বে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের এক সংক্ষিপ্ত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। জাতির পিতাসহ প্রয়াত মুক্তিযুদ্ধের সকল নেতৃবৃন্দ এবং স্বাধীনতা যুদ্ধে নিহত সকল শহীদের রুহের মাগফেরাত কামনায় মোনাজাত অনুষ্ঠিত হয়। শিশু পরিবারের তত্ত্বাবধায়ক জনাব মো. মনির হোসেন এসময় উপস্থিত ছিলেন।





মোনাজাতরত মহাব্যবস্থাপক, অন্যান্য নির্বাহী ও শিশু পরিবারের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

# অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও কর্মশালা সংক্রান্ত সংক্ষিপ্ত সংবাদ

প্রশিক্ষণের নাম ঃ ‘ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন’(২য় ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ৪ জানুয়ারি, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৫ম গ্রেড)




প্রশিক্ষণের নাম ঃ ‘তথ্য অধিকার বাস্তবায়ন ও তথ্য অধিকার আইন’(২য় ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ১৩ জানুয়ারি, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৬ষ্ঠ গ্রেড)




প্রশিক্ষণের নাম ঃ ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার’ (৩য় ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ৩১ জানুয়ারি, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৬ষ্ঠ গ্রেড)



প্রশিক্ষণের নাম ঃ ‘ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন’(৩য় ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ৬ মার্চ, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (৯ম - ৬ষ্ঠ গ্রেড)




কর্মশালার নাম ঃ ‘৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’
অনুষ্ঠানের তারিখ ঃ ২৩ মার্চ, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৬ষ্ঠ গ্রেড)



কর্মশালার নাম ঃ ‘Digital Service Digitalization Quality Assessment Workshop on e-Home Loan System
অনুষ্ঠানের তারিখ ঃ ৩০ মার্চ, ২০২২
ভেন্যু ঃ প্রশিক্ষণ কেন্দ্র, সদর দফতর, ঢাকা
অংশগ্রহণকারী ঃ মোট ৩২ জন (১০ম - ৩য় গ্রেড)



প্রশিক্ষণের নাম ঃ ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা’ (৩য় ব্যাচ)
অনুষ্ঠানের তারিখ ঃ ৩১ মার্চ, ২০২২
মাধ্যম ঃ অনলাইন প্লাটফর্ম (জুম ক্লাউড মিটিংস)
অংশগ্রহণকারী ঃ মোট ২৫ জন (১০ম - ৫ম গ্রেড)



**সংক্ষিপ্ত সংবাদঃ**

## এপিএ'র বাস্তবায়ন পর্যালোচনা সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ৫ জানুয়ারি ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মো. আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক,
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক, সদর দফতরের উপমহাব্যবস্থাপকবৃন্দ ও সভা সংশ্লিষ্ট পিএইচআরডি বিভাগের কর্মকর্তাগণ।



## স্ট্যান্ডিং কমিটির সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ২৫ জানুয়ারি, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মো. আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক ও কমিটির সদস্যবৃন্দ।



## সেবা পক্ষ পরিপালন প্রস্তুতি সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ১০ ফেব্রুয়ারি, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মো. আফজাল করিম, ব্যবস্থাপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক ও সদর দফতরস্থ সকল উপমহাব্যবস্থাপকবৃন্দ। এছাড়া মাঠ কার্যালয় সমূহের ব্যবস্থাপকবৃন্দ ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত।



## বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত সভা

অনুষ্ঠানের তারিখ ঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২২
অনুষ্ঠানস্থল ঃ পর্ষদ সভাকক্ষ, বিএইচবিএফসি
সভাপতি ঃ জনাব মো. আফজাল করিম, ব্যবস্থপনা পরিচালক
অংশগ্রহণকারী ঃ উপব্যবস্থাপনা পরিচালকসহ সকল মহাব্যবস্থাপক, সদর দফতরের উপমহাব্যবস্থাপকবৃন্দ ও সভা সংশ্লিষ্ট হিসাব ও অর্থ বিভাগের কর্মকর্তাগণ।




# জানুয়ারি-মার্চ, ২০২২ প্রান্তিকে অবসরোত্তর ছুটিতে গেলেন যাঁরা-



নাম ঃ **মিসেস জেবুন্নেছা বেগম**
পদবী ঃ প্রিন্সিপাল অফিসার
পি.এফ নং ঃ ৭০৮
সর্বশেষ কর্মস্থল ঃ প্রধান শাখা অফিস, ঢাকা উত্তর
পিআরএল শুরুর তারিখ ঃ ২ মার্চ, ২০২২



নাম ঃ **মো. রেজাউল করিম**
পদবী ঃ গাড়ী চালক
পি.এফ নং ঃ ৮৮০
সর্বশেষ কর্মস্থল ঃ সাধারণ সেবা বিভাগ, সদর দফতর
পিআরএল শুরুর তারিখ ঃ ১১ জানুয়ারি, ২০২২



নাম ঃ **মোছা. আলেয়া খাতুন**
পদবী ঃ অফিস সহায়ক
পি.এফ নং ঃ ৭৬৩
সর্বশেষ কর্মস্থল ঃ শাখা অফিস, কুষ্টিয়া
পিআরএল শুরুর তারিখ ঃ ২৭ মার্চ, ২০২২



নাম ঃ মো. সিদ্দিকুর রহমান
পদবী ঃ ইলেকট্রিশিয়ান
পি.এফ নং ঃ ৬৬০
সর্বশেষ কর্মস্থল ঃ প্রকৌশল বিভাগ, সদর দফতর
পিআরএল শুরুর তারিখ ঃ ৩১ মার্চ, ২০২২



নাম ঃ **মো. জাকির হোসেন**
পদবী ঃ প্লাম্বার
পি.এফ নং ঃ ৬৬৩
সর্বশেষ কর্মস্থল ঃ প্রকৌশল বিভাগ, সদর দফতর
পিআরএল শুরুর তারিখ ঃ ৩১ মার্চ, ২০২২

# বার্ষিক ক্রীড়া ও চিত্তবিনোদন অনুষ্ঠিত



ক্রীড়া প্রতিযোগিতার ইভেন্ট উপভোগরত পর্ষদ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, অতিথি ও নির্বাহীবৃন্দ

গত ১৯ মার্চ, ২০২২ কেরাণীগঞ্জের কলাতিয়ায় অবস্থিত ‘শ্যামল বাংলা রিসোর্ট ও কনভেনশন সেন্টার’-এ বিএইচবিএফসি’র বার্ষিক ক্রীড়া ও চিত্তবিনোদন-২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিএইচবিএফসি’র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ; পর্ষদ পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম; পরিচালক ড. নাছিমা আক্তার (উপসচিব) এবং তপন কুমার ঘোষ উপস্থিত ছিলেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরীসহ সদর দফতর ও ঢাকাস্থ দুটি জোন-এর কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যবৃন্দ এতে অংশগ্রহণ করেন।

বিএইচবিএফসি প্রতিবছর বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে নিয়মিতভাবে বার্ষিক ক্রীড়া ও চিত্তবিনোদন অনুষ্ঠান আয়োজন ও পালন করে থাকে। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ জনিত বিধি-নিষেধের কারণে বিগত দুই বছর এ আনুষ্ঠানিকতা বন্ধ থাকার পর এ বছর এ আনুষ্ঠানিকতা সম্পন্ন হলো।

অনুষ্ঠানের প্রথম পর্যায়ে বিভিন্ন ইভেন্টে বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কর্পোরেশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীসহ তাঁদের পরিবারের সদস্যগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের মধ্যাহ্ন ভোজের পর মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান এবং র‌্যাফেল ড্র অনুষ্ঠিত হয়।

# ঢাকা দক্ষিণে অংশীজন গণশুনানী অনুষ্ঠিত



মঞ্চে উপবিষ্ট এফআইডি’র দুই উপসচিব ও বিএইচবিএফসি’র নির্বাহীবৃন্দ

গত ১০ মার্চ, বুধবার অপরাহ্ণ ৩ টায় বিএইচবিএফসি জোনাল অফিস, ঢাকা দক্ষিণ-এর প্রধান শাখায় অফিসটির ঋণ গ্রহীতা, সেবাপ্রার্থী ও বিভিন্ন শ্রেণী-পেশার অংশীজনের সাথে অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর তত্ত্বাবধান ও বিএইচবিএফসি’র আয়োজনে এক গণশুনানি অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটির সেবার মান সম্পর্কে অংশীজনের অভিজ্ঞতা ও মতামত গ্রহণ তথা প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় নিয়মিত কর্মসূচী হিসেবে এ শুনানি অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় স্টেক হোল্ডারদের অভিজ্ঞতা ও পরামর্শ গ্রহণ করতঃ সেবার মানোন্নয়নে সরকার বদ্ধপরিকর। এলক্ষ্যে সরকারের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শর্তের বাস্তবায়ন পরিস্থিতি পর্যবেক্ষণার্থে এ শুনানির আয়োজন করা হয়ে থাকে। এফআইডি’র দুই উপসচিব যথাক্রমে জনাব মাকছুমা আকতার বানু ও জনাব মীনাক্ষী বর্মন এদিনের গণশুনানিতে সরকারের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি’র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি’র ঋণ গ্রহীতা, সাংবাদিক ও শিক্ষা ব্যক্তিত্বসহ নানা শ্রেণী-পেশার অংশীজন প্রতিষ্ঠানটির সেবার মান ও সেবা সম্পর্কে তাঁদের অভিজ্ঞতা ও পরামর্শ তুলে ধরেন। বিএইচবিএফসি কর্তৃপক্ষ উপস্থিত অংশীজন উত্থাপিত বিভিন্ন বিষয়ে প্রতিষ্ঠানটির অবস্থান ও দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেন।


প্রধান পৃষ্ঠপোষক : **মো. আফজাল করিম,** ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক মন্ডলী : **অরুন কুমার চৌধুরী,** উপব্যবস্থাপনা পরিচালক
**মো. বদিউজ্জামান,** উপমহাব্যবস্থাপক (মার্কেটিং এণ্ড ডেভেলপমেন্ট)
**মো. রফিকুল ইসলাম,** প্রিন্সিপাল অফিসার (ট্রেনিং ইনস্টিটিউট)
**মো. ইমতিয়াজুল ইসলাম,** সিনিয়র অফিসার (পিএইচআরডি)

প্রকাশনা : পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd